দৈনিক জনকণ্ঠ

44

তারিখ ... ... MAR 25 2000
পৃষ্ঠা 1 কলাম 5

# বিনামূল্যে বই এবং সবার জন্য শিক্ষা কার্যক্রমবিরোধী ষড়যন্ত্র

আমরা বাসাবো এলাকার দরিদ্র এবং অসহায় অভিভাবক। প্রসঙ্গত উল্লেখ্য, সরকার কর্তৃক সবার জন্য শিক্ষা কর্মসূচীর আওতায় বিনামূল্যে প্রাথমিক বিদ্যালয়ে বই বিতরণ করা হলেও বাসাবো উচ্চমাধ্যমিক বালিকা বিদ্যালয়ে ১ম শ্রেণীতে বোর্ড কর্তৃক অনুমোদন ব্যতীত অতিরিক্ত হিসাবে অতি উচ্চ মূল্যের আরও ৮ খানা বই পাঠ্য করে কোমলমতি ছাত্রছাত্রী এবং অভিভাবকগণকে নিরুৎসাহিত করা হয়েছে। উল্লেখ্য, ১ম শ্রেণীর অতিরিক্ত ৮ খানা বই ক্রয় করতে আনুমানিক ৪০০ টাকার প্রয়োজন, যা অনেকের জন্যই সাধ্যাতীত। আমাদের প্রশ্ন—তাহলে সরকার কর্তৃক বিনামূল্যে বই সরবরাহ করার সার্থকতা কি? স্কুল কর্তৃপক্ষের এ পদক্ষেপ সরকার অনুসৃত সবার জন্য শিক্ষা কার্যক্রম নস্যাত করার ষড়যন্ত্র নয় কি?

তাই উপরোক্ত বিদ্যালয়ের বিরুদ্ধে তদন্ত সাপেক্ষে ব্যবস্থা গ্রহণকরত সবার জন্য শিক্ষা কার্যক্রমকে রক্ষাসহ গরিব ছাত্রছাত্রীদের পড়ালেখার সুযোগ দানের জন্য যথাযথ কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

SHEET — OF — SHEETS